

## ই-লার্নিংয়ে শিক্ষার সুযোগ বৃদ্ধি করবে সরকার



ইন্টারনেট ও তথ্যপ্রযুক্তি বিশ্বের শিক্ষাদানের সনাতন পদ্ধতিতে অভাবনীয় পরিবর্তন ঘটিয়েছে। দেশেও ই-লার্নিং নিয়ে সৃজনশীল নানাবিধ কাজ চলছে। সরকার ই-লার্নিংয়ে গুরুত্ব দিচ্ছে। এজন্য ই-লার্নিং পদ্ধতিতে শিক্ষার সুযোগ বৃদ্ধি করতে উদ্যোগ নেওয়া হবে। গতকাল রাজধানীর কম্পিউটার কাউন্সিলে 'ই-লার্নিং ফর এডুকেশন অ্যান্ড ট্রেনিং' শীর্ষক সেমিনারে আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক এসব কথা বলেন। তিনি বলেন, ই-লার্নিংয়ের জন্য সবচেয়ে বেশি প্রয়োজন বিদ্যা ও ইন্টারনেট সংযোগ সুবিধা। ইতিমধ্যে বিদ্যুতের উৎপাদন বেড়েছে। বিভিন্ন প্রকল্পের মাধ্যমে বর্তমানে উপজেলা পর্যন্ত ইন্টারনেটের আওতায় এসেছে। এছাড়া সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে সাড়ে পাঁচ হাজার কম্পিউটার ল্যাব, ২৫ হাজার মান্টিমিডিয়া ক্লাসরুমসহ দেশের বিভিন্ন স্তরে তথ্যপ্রযুক্তি অবকাঠামো গড়ে তোলা হয়েছে। এ

অবকাঠামোর মাধ্যমে দেশের প্রাতিষ্ঠানিক শিক্ষা, প্রশিক্ষণ ও সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের শিক্ষায় ই-লার্নিং চমৎকার ভূমিকা পালন করতে পারে। অনুষ্ঠানে আইসিটি সচিব শ্যামসুন্দর শিকদার বলেন, সরকার তথ্যপ্রযুক্তি ভিত্তিক নতুন এ ধারার সুবিধা কাজে লাগিয়ে জনপ্রশাসনে প্রশিক্ষণের চাহিদা মেটাতে ইতিমধ্যে উদ্যোগ নিয়েছে। তবে এজন্য ব্যাপক গবেষণার প্রয়োজন রয়েছে। সেমিনারে তথ্যপ্রযুক্তি বিশেষজ্ঞ মোস্তাফা জব্বার, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ই-লার্নিং বিশেষজ্ঞ জাহিদ হোসেন পনির, প্রগতি সিস্টেমসের প্রধান নির্বাহী ড. শাহাদাত হোসেন খান, যুক্তসফটের প্রধান নির্বাহী মাহমুদুর রহমান, জাগো ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা কর্তি রাকসাদ প্রমুখ বক্তব্য দেন। সেমিনারে সঞ্চালনা করেন কম্পিউটার কাউন্সিলের (বিসিসি) নির্বাহী পরিচালক এস এম আশরাফুল ইসলাম। বিসিসি ও যুক্তসফটের সিলিকন ভ্যালির এসবিআইটি ইনকরপোরেশনের যৌথ উদ্যোগে এ সেমিনার আয়োজিত হয়। সিলিকন ভ্যালি ভিত্তিক প্রতিষ্ঠান ইজকুলের প্রধান পরিচালন কর্মকর্তা ড. সাখাওয়াত হোসেন সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন। পাশাপাশি ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির অধ্যাপক সৈয়দ আখতার হোসেন এবং কোর নলেজের প্রধান নির্বাহী কর্মকর্তা মুবাখের মুনাফ ই-লার্নিংয়ে বাংলাদেশ নিয়ে প্রবন্ধ উপস্থাপন করেন।

■ প্রযুক্তি প্রতিদিন প্রতিবেদক